গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
লালমোহন, ভোলা
www.lalmohan.bhola.gov.bd

## উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির মার্চ, ২০২২ এ অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | পল্লব কুমার হাজরা<br>উপজেলা নির্বাহী অফিসার, লালমোহন |
| স্থান | : | উপজেলা পরিষদ এর সভাকক্ষ। |
| তারিখ | : | ৩১/০৩/২০২২ |
| সময় | : | সকাল ১১.০০ টা |
| বিবেচ্য মাস | : | মার্চ, ২০২২ |

সভায় উপস্থিত সদস্যগণকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর আলোচ্যসূচি অনুসারে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

**১.০০ আলোচ্য বিষয়:** গত সভার কার্যবিবরণী দৃঢ়করণ

**১.০১ আলোচনা:** উপজেলা নির্বাহী অফিসার গত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান

**১.০২ সিদ্ধান্ত:** কোন সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী সভায় সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়

**২.০ আলোচনা:** অপরাধ বিবরণীর বিভিন্ন চিত্র নিয়ে আলোচনা করা হয়

**২.০১ বিশ্লেষণ:**

ক. অফিসার ইনঃ চার্জ, লালমোহন থানা এর কার্যালয় হতে প্রাপ্ত মার্চ, ২০২২ মোট মামলার সংখ্যা ১৮ টি এর মধ্যে ০৪ টি নারী নির্যাতন, ০৪ টি মাদক মামলা, ও ইয়াবার চালন উদ্ধার করা হায়েছে ২০২ পিছ এছাড়া মোটরসাইকেল চুরি সংক্রান্তে ০২ (দুই) জনকে আটক করা হয়েছে। ডাকাতি, দস্যুতা, দাঙ্গায় খুন, দ্রুত বিচার, দাঙ্গা, এসিড নিক্ষেপ, শিশু নির্যাতন, অপহরণ, পুলিশ আক্রান্ত এবং চোরাচালান আইনে কোন অপরাধ সংঘটিত হয়নি।

খ. অপরাধ বিবরণী পর্যালোচনায় দেখা যায় বিগত মাসের তুলনায় আলোচ্য মাসে অপরাধ প্রবণতা হ্রাস পেয়েছে।

গ. বিবেচ্য মাসে লালমোহন উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক মর্মে উপস্থিত সদস্যগণ একমত পোষণ করেন।

**সিদ্ধান্ত:** লালমোহন উপজেলার আইন-শৃঙ্খলার সার্বিক পরিস্থিতি এ মাসে সন্তোষজনক হলেও বিভিন্ন ইউনিয়নে অপরাধ প্রবণতা বৃদ্ধি পাওয়ায় সেখানে পুলিশী তৎপরতা বৃদ্ধিসহ সংশ্লিষ্ট সকলকে সক্রিয় ভূমিকা পালন করার অনুরোধ করা হয়।

৩.০১ আলোচনা:

ক) মাননীয় সংসদ সদস্য: যানযট নিয়ন্ত্রণে বাসমালিকদের সাথে কথা বলে পৌরসভার সামনে এবং থানার মোড়ে বাস থামার ব্যবস্থা রাখার বিষয়ে আলোচনা করেন। আটোরিস্কা, বোরাক, মটরসাইকেল, মাহিন্দ্রা স্ট্যান্ড থাকবে ডাকবাংলার পশ্চিম পার্শ্বে ও থানার মোড়ের পূর্ব পার্শ্বে এবং কালমা থেকে আসা যানবাহনগুলো হাসপাতল রোড এর পূর্ব পার্শ্বে থাকার বিষয়ে আলোচনা করা হয়। রমজানের পবিত্রতা রক্ষার জন্য বাজারে নিয়মিত মনিটরিং করা হবে যাতে করে কোন পন্যের দাম বেশি দামে বিক্রয় করতে পারে না সে বিষয়ে আলোচনা করা হয়। মাদক ব্যবসার সাথে জড়িত ও মাদকসেবীদেরকে আইনের আওতায় আনার পদক্ষেপ গ্রহণ করতে হবে। রমজানের তারাবি ও ছেহেরির সময় যাতে নিরোবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ রাখার অনুরোধ করে। ইলিশের প্রজনন বৃদ্ধির জন্য জাটকা ইলিশ রক্ষায় অভিযান পরিচালনার জন্য উপজেলা প্রশাসনকে সহযোগিতা করার অনুরোধ জানান। বড় বড় বাজারে সিসি ক্যামেরা স্থাপন করার ব্যবস্থা রাখতে হবে। যাতে করে বাজারে চুরির ঘটনা না ঘটে।

খ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ: পবিত্র রমজান মাসে বাজার ব্যবসায়ীরা যাতে করে দ্রব্যমূল্য দাম বৃদ্ধি না করতে পারে সে জন্য নিয়মিত বাজার মনিটরিং এর ব্যবস্থা রাখতে হবে এবং পণ্যের দাম চার্টে লিপিবদ্ধ রাখার ব্যবস্থা থাকতে হবে। লালমোহন উপজেলায় মাদকের গর্ডফাদাররা ধরাছোয়ার বহিরে থাকে। তাদেরকে সক্রিয় অভিযানের মাধ্যমে মাদকের সাথে জড়িত যে ব্যক্তি থাকে না কেন তাদেরকে ধরে আইনের আওতায় এনে শাস্তি প্রদান করার বিষয়ে আলোচনা করা হয়। লালমোহন বাজারসহ বিভিন্ন বাজারে ঝাটকা মাছ ক্রয় বিক্রয় হয়ে থাকে এর জন্য নিয়োমিত মোবাইল কোর্ট পরিচলনা করার জন্য অনুরোধ করেণ। উপজেলা মৎস্য কর্মকর্তাকে মৎস্য অভিযান পরিচালনাকালে দালালচক্রকে চিহ্নিত করে তাদেরকে আইনের আওতায় ব্যবস্থা রাখতে হবে। মৎস্য অভিযান পরিচালনার ক্ষেত্রে আরো তৎপর থাকার অনুরোধ করেন। বাল্য বিবাহ ক্ষেত্রে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগন যদি সহযোগিতা করেন তাহলে বাল্য বিবাহ রোধ করা সম্ভব হবে। কিশোর গ্যাং হতে দেওয়া যাবে না এ বিষয়ে আলোচনা করা হয়।

গ) উপজেলা নির্বাহী অফিসার জানান যে, মাদক নির্মুল এর বিষয়ে নিয়মিত মোবাইল কোর্ট এর মাধ্যমে অভিযান পরিচালনা করা হচ্ছে। মাদকের সাথে জড়িত যে কোন ব্যক্তি জড়িত থাকুক না কেন তাদেরকে ধরে আইনের আওতায় এনে শাস্তি প্রদান করার বিষয়ে আলোচনা করা হয়। অবৈধ ভাবে রাস্তার পাশে গাছ রাখা, নৌকা বানানো কারনে রাস্তাগুলো সংকুচিত হচ্ছে এতে করে যানবাহন চলাচলে বাধা সৃষ্টি হচ্ছে এ বিষয়ে আলোচনা করা হয়। ঈদ মৌসুমে প্রচুর পরিমান জাল টাকার উপদ্রব লক্ষ্য করা যায় এসময়ে সকল ব্যাংক ম্যানেজারকে জাল টাকা বাজারে প্রবেশ না করতে পারে তার জন্য অস্থায়ীভাবে জাল টাকার সনাক্ত করন মেশিন সরবরাহ করে ভোক্তদেরকে সচেতনতা সৃষ্টি করতে হবে।

ঘ) চেয়ারম্যান, রমাগঞ্জ ইউপি জানান যে, রমাগঞ্জ ইউনিয়ন এর কর্তারহাট বাজার ও রায়চাঁদ বাজারে মাদক ক্রয় বিক্রয় হয়। মাদকের সাথে জড়িত ব্যাক্তিদেরকে আইনের আওতায় আনার ব্যাবস্থা করতে হবে। সন্ত্রাস ও নাশকতামূলক কার্যক্রম প্রতিরোধ করার লক্ষ্যে গ্রাম পুলিশদেরকে রাত্রিকালীন টহল জোরদার করার বিষয়ে আলোচনা করা হয়।

ঙ) উপজেলা মৎস্য কর্মকর্তা: মার্চ ও এপ্রিল এই ০২ মাস জাটকা রক্ষার সময়। জাটকা সপ্তাহ পালন করার জন্য লালমোহন উপজেলাকে বাচাই করা হয়েছে। এ অভিযান জুন ২০২২ পর্যন্ত অব্যাহত থাকবে। গত মাসে বেশ কিছু অভিযান পরিচালনা করা হয়েছে। তিনি বলেন, লালমোহন উপজেলার বিভিন্ন স্পটে অনেক অবৈধ জাল রয়েছে। এগুলো উদ্ধারের কাজ চলছে। উপজেলার বিভিন্ন দপ্তরের সকল কর্মকর্তা, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান অভিযান পরিচালনায় সহযোগিতা করেন। জাটকা নিধন রোধসহ সকল কাজ সুচারুরূপে পরিচালনার জন্য সকলকে অনুরোধ করা হয়।

চ) সভাপতি, প্রেসক্লাব: নয়ানিগ্রামে জাহিদ নামে বড় মাদক ব্যবসায়ি রয়েছে। তাকে অনেকবার থানাপুলিশ গ্রেফতার করে জেলে প্রেরণ করলেও জামিনে বেড়িয়ে যাচ্ছে। বাজারে দ্রব্যমূল্য বৃদ্ধি পাচ্ছে। তেলের মূল্য তালিকার মধ্যে তৈল বিক্রয় করতে হবে। তিনি বলেন, বাজার নিয়ন্ত্রণ করে থাকে এক শ্রেণির দালাল চক্র। তারা পণ্য হাত বদল করে মূল্য বৃদ্ধি করে থাকে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করেন।

<u>বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:</u>

| ক্র:নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ০১ | যানযট নিয়ন্ত্রণে পৌরসভার সামনে এবং থানার মোড়ে বাস স্ট্যান্ড স্থাপন করতে হবে। আটোরিস্কা, বোরাক, মটরসাইকেল, মাহিন্দ্রা ডাকবাংলার পশ্চিম পার্শ্বে ও থানার মোড়ের পূর্ব পার্শ্বে ও কালমা থেকে আসা যানবাহনগুলো হাসপাতল রোড এর পূর্ব পার্শ্বে স্ট্যান্ডে থামাতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার, লালমোহন, ভোলা<br>২। মেয়র, লালমোহন পৌরসভা।<br>৩। অফিসার ইন-চার্জ, লালমোহন থানা, লালমোহন, ভোলা |
| ০২. | বাজারে দ্রব্যমূল্য নিয়ন্ত্রন রাখার বিষয়ে নিয়োমিত মোবাইল কোর্ট পরিচালনা করা হবে। মাদকের সাথে জড়িত ব্যক্তিদেরকে আইনের আওতায় আনতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার, লালমোহন, ভোলা<br>২। অফিসার ইন-চার্জ, লালমোহন থানা, লালমোহন, ভোলা |
| ০৩. | মাদক নির্মূল এর বিষয়ে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। মাদকের বিরুদ্ধে জিরো টলারেন্স বাস্তবায়নে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ ও বাস্তবায়ন অব্যাহত রাখতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার, লালমোহন, ভোলা<br>২। অফিসার ইন-চার্জ, লালমোহন থানা, লালমোহন, ভোলা |

| | | |
|---|---|---|
| ০৪. | রমজানে বাজার মূল্য নিয়ন্ত্রণে নিয়মিত মনিটরিংসহ মোবাইল কোর্ট পরিচালনা করা হবে। | ১। সহকারী কমিশনার (ভূমি) লালমোহন, ভোলা<br>২। অফিসার ইন-চার্জ, লালমোহন থানা, লালমোহন, ভোলা<br>৩। উপজেলা মৎস্য অফিসার, লালমোহন, ভোলা |
| ০৫. | দ্রব্যমূল্যের উর্ধ্বগতি নিয়ন্ত্রণে নিয়মিত মনিটরিংসহ বাজারে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। | ১। সহকারী কমিশনার (ভূমি) লালমোহন, ভোলা<br>২। অফিসার ইন-চার্জ, লালমোহন থানা, লালমোহন, ভোলা<br>৩। সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ভোলা<br>৪। জেলা মার্কেটিং অফিসার, ভোলা |
| ০৬. | মেঘনা ও তেঁতুলিয়া নদীতে অবৈধ জালের ব্যবহার বন্ধে ও জাটকা নিধন প্রতিরোধে নিয়মিত অভিযান অব্যাহত রাখতে হবে। | ১। সহকারী কমিশনার (ভূমি) লালমোহন, ভোলা<br>২। অফিসার ইন-চার্জ, লালমোহন থানা, লালমোহন, ভোলা<br>৩। উপজেলা মৎস্য কর্মকর্তা, লালমোহন, ভোলা |
| ০৭ | পবিত্র রমজান মাসে নিরবিচ্ছিন্নভাবে বিদ্যুৎ সরবরাহ চালু রাখেতে হবে। | ১। ডিজিএম, পল্লী বিদ্যুৎ, লালমোহন, ভোলা |

পরিশেষে লালমোহন উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে সহযোগিতা করায় সকল সদস্যকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

পল্লব কুমার হাজরা
উপজেলা নির্বাহী অফিসার
লালমোহন, ভোলা
ফোনঃ ০৪৯২৫-৭৫৮১৪
ই-মেইল: unolalmohan@mopa.gov.bd

স্মারক ০৫.১০.০৯৫৪.০০০.২২.০০৩.২২- ২০৯

তারিখঃ ২০ মাঘ, ১৪২৮ বঙ্গাব্দ
৩১মার্চ,২০২২ খ্রিষ্টাব্দ

অনুলিপি (কার্যার্থে/জ্ঞাতার্থে):
১. মাননীয় সংসদ সদস্য, ১১৭ ভোলা-৩ আসন
২. জেলা প্রশাসক, ভোলা
৩. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লালমোহন, ভোলা
৪. মেয়র, লালমোহন পৌরসভা, লালমোহন, ভোলা
৫. ভাইস-চেয়ারম্যান/ মহিলা ভাইস- চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লালমোহন, ভোলা
৬. অফিসার ইন-চার্জ, লালমোহন থানা
৭. উপজেলা ........................কর্মকর্তা লালমোহন, ভোলা
৮. অধ্যক্ষ/ প্রধান শিক্ষক..............................কলেজ/মাদ্রাসা/স্কুল, লালমোহন, ভোলা
৯. ইউপি, চেয়ারম্যান.......................(সকল) লালমোহন, ভোলা
১০. সভাপতি/সম্পাদক, প্রেস ক্লাব, লালমোহন, ভোলা
১১. জনাব..............................................
১২. অফিস কপি

উপজেলা নির্বাহী অফিসার
লালমোহন, ভোলা